অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সুপ্রিম কোর্টের অ্যাপেলেট ডিভিসনের নিয়োগগুলি ঘোষণা করেন

নিয়োগগুলি সুপ্রিম কোর্টের আপীল বিভাগের, নিউ ইয়র্ক রাজ্যের প্রথম বিভাগের শূন্যপদ পূরণ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সুপ্রিম কোর্টের আপীল বিভাগের, নিউ ইয়র্ক স্টেটের প্রথম বিভাগের শূন্যপদ পূরণের জন্য পাঁচটি নিয়োগ ঘোষণা করেছেন। আজ নির্বাচিত বিচারপতিরা নিউ ইয়র্কের বিচার ব্যবস্থা জুড়ে উপস্থিত বৈচিত্র্য, প্রতিভা এবং অভিজ্ঞতার প্রতিফলন করে।

"নিউ ইয়র্ক স্টেটের আদালত নাগরিকদের দৈনন্দিন জীবনের আকার প্রদান করে এমন আইনের উপর ব্যাপক প্রভাব ফেলে, এবং তাদের বিচারকদের ন্যায়বিচার এবং নিরপেক্ষতার প্রতি দৃঢ় অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করা উচিত," **গভর্নর কুওমো বলেন।** "আমি গর্বিত চারজন ব্যক্তি নিয়োগ করতে পেরে যাদের দৃষ্টান্তমূলক সেবা তাদের নিউ ইয়র্কের সুপ্রিম কোর্টের আপীল বিভাগে কাজ করার যোগ্যতা প্রদান করে এবং ম্যানহাটন এবং ব্রঙ্কসে নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের কাজের জন্য তাদের শুভেচ্ছা জানাই।"

আপীল বিভাগ - প্রথম বিভাগের নিয়োগগুলি:

গভর্নর আপীল বিভাগের - প্রথম ডিভিশনের শূন্যপদ পূরণের জন্য সুপ্রিম কোর্টের বিচারপতি সালিয়ান স্কারপুলা, ম্যানুয়েল জ্যাকবো মেন্ডেজ অলিভেরো, মার্টিন শুলমান এবং টানিয়া আর. কেনেডিকে নিয়োগ করেছেন। প্রথম বিভাগ ম্যানহাটন ও ব্রঙ্কসকে কভার করে।

<u>মাননীয় সালিয়ান স্কারপুলা</u>
আইন স্কুল থেকে স্নাতক হওয়ার পর বিচারপতি স্কারপুলা নিউ ইয়র্ক কাউন্টির সুপ্রিম কোর্টে মাননীয় আলভিন এফ. ক্লেইনের জন্য কেরানি ছিলেন। যখন তার কেরানিত্ব সমাপ্ত হয়, বিচারপতি স্কারপুলা প্রোসকাউয়ার রোজ গোয়েটজ এবং মেন্ডেলসোহন একজন মামলার সহযোগী হিসেবে যোগ দেন। বিচারপতি স্কারপুলা পরে সিনিয়র কাউন্সেল হিসেবে ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স কর্পোরেশনে (Federal Deposit Insurance Corporation, FDIC) যোগদান করেন। ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স কর্পোরেশনে (FDIC) থেকে বিচারপতি স্কারপুলা হাডসন ইউনাইটেড ব্যাংকের (Hudson United Bank) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং ব্যাংক কাউন্সেল হন। বিচারপতি স্কারপুলা মাননীয় এলিন ব্র্যানস্টীনের প্রিন্সিপাল কোর্ট অ্যাটর্নি হিসেবে নিউ ইয়র্ক স্টেট কোর্ট

সিস্টেমে ফিরে আসেন। এরপর তিনি 2001 সালে নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টে (New York City Civil Court) নির্বাচিত হন, 2009 সালে নিউ ইয়র্ক রাজ্য সুপ্রিম কোর্টে (New York State Supreme Court) নিযুক্ত, এবং 2012 সালে সুপ্রিম কোর্টে নির্বাচিত হন। ফেব্রুয়ারি 2014 থেকে, বিচারপতি স্কারপুলা সুপ্রিম কোর্ট, নিউ ইয়র্ক কাউন্টি কমার্সিয়াল ডিভিশনে দায়িত্ব পালন করছেন। 2019 সালে বিচারপতি স্কারপুলাকে নিউ ইয়র্ক রাজ্য সুপ্রিম কোর্টে বকেয়া সমস্ত আন্তর্জাতিক বাণিজ্যিক সালিশি বিষয় পরিচালনা করার জন্য নিযুক্ত করা হয়। বিচারপতি স্কারপুলা বেশ কয়েকটি নিউ ইয়র্ক সিটি এবং রাজ্যব্যাপী বার অ্যাসোসিয়েশনে সক্রিয় এবং আমেরিকান বার অ্যাসোসিয়েশনের (American Bar Association) একজন ব্যবসায়িক আদালতের প্রতিনিধি। বিচারপতি স্কারপুলা ব্রুকলিন ল্য স্কুল (Brooklyn Law School) থেকে ডিস্টিঙ্কশন সহ একটি (J.D.) অর্জন করেন।

<u>মাননীয় ম্যানুয়েল জ্যাকোবো মেন্ডেজ অলিভারো</u>

2012 সালে নির্বাচনের পর থেকে বিচারপতি মেন্ডেজ নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের বিচারপতি ছিলেন এবং 2018 সাল থেকে নিউ ইয়র্ক সিটি অ্যাসবেস্টস মামলার (New York City Asbestos Litigation, NYCAL) সমন্বয়কারী বিচারক আছেন। তার নির্বাচনের আগে, বিচারপতি মেন্ডেজ 2003 সালে নিউ ইয়র্ক কাউন্টির দেওয়ানি আদালতের (Civil Court, New York County) বিচারক নির্বাচিত হন, এবং 2004 থেকে জানুয়ারী 2010 পর্যন্ত দেওয়ানি আদালতে বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি 2008 থেকে জানুয়ারী 2010 পর্যন্ত ব্রঙ্কস ক্রিমিনাল কোর্টে (Bronx Criminal Court) পদাধিকারে কতৃত্ব করেছেন, এবং জানুয়ারী 2010 থেকে জানুয়ারী 2011 পর্যন্ত সুপ্রিম কোর্ট, ব্রঙ্কস কাউন্টি এবং তারপর নিউ ইয়র্ক কাউন্টিতে ভারপ্রাপ্ত বিচারকের দায়িত্ব পালন করেন 2012 সালে তার সুপ্রিম কোর্ট নির্বাচন পর্যন্ত। সিভিল কোর্টে নির্বাচনের আগে বিচারপতি মেন্ডেজ 1999 থেকে 2003 সাল পর্যন্ত আইনের একক প্র্যাক্টিশনার হিসেবে (ম্যানুয়েল জে. মেন্ডেজের আইন অফিস, P.C.) অনুশীলন করেন এবং 1993 থেকে 1998 সাল পর্যন্ত কোয়াসিঙ্ক অ্যান্ড মেন্ডেজ P.C. ফার্মের অংশীদার হিসেবে কাজ করেন। তিনি সেপ্টেম্বর 1990 থেকে অক্টোবর 1993 পর্যন্ত ব্রঙ্কসের লিগ্যাল এইড সোসাইটি ক্রিমিনাল ডিফেন্স ডিভিশনে (Legal Aid Society Criminal Defense Division) সিনিয়র স্টাফ অ্যাটর্নি হিসেবে কাজ করেন। বিচারপতি মেন্ডেজ ডোমিনিকান প্রজাতন্ত্রের ইউনিভার্সিড্যাড সেন্ট্রাল ডেল এস্তে স্কুল অফ ল্য (Universidad Central Del Este School of law) থেকে J.D. অর্জন করেন।

<u>মাননীয় মার্টিন শুলমান</u>

বিচারপতি শুলম্যান প্রথম 2005 সালে নিউ ইয়র্ক কাউন্টি সুপ্রিম কোর্টে ফার্স্ট জুডিশিয়াল ডিপার্টমেন্টে নির্বাচিত হন, এবং তার মেয়াদ শেষ হয় 2019 সালে, এবং 2019 সালে, অ্যআরো একটি 14 বছরের মেয়াদের জন্য নিউ ইয়র্ক কাউন্টি সুপ্রিম কোর্টে পুনরায় নির্বাচিত হন। প্রথম বিচার বিভাগে, তিনি অ্যাপেলেট টার্মে সভাপতিত্বকারী বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেন, যা একটি পদ যেখানে প্রধান প্রশাসনিক বিচারক লরেন্স কে মার্কস 2018 সালে তাকে নিযুক্ত করেন। বিচারপতি শুলমান প্রথম অ্যাপেলেট টার্মের বিচারপতি হন যখন প্রধান প্রশাসনিক বিচারক অ্যান ফাউ তাকে 2009 সালে তাকে নিযুক্ত করেন। 1999 থেকে 2004 সাল অবধি তিনি তৎকালীন প্রধান প্রশাসনিক বিচারক জোনাথন লিপমান দ্বারা নিযুক্ত হওয়ার পর ভারপ্রাপ্ত বিচারপতি হিসেবে

দায়িত্ব পালন করেন। নিউ ইয়র্ক কাউন্টি সুপ্রিম কোর্টের সাথে তার সময় ছাড়াও, বিচারপতি শুলমান 1995 থেকে 2014 সাল পর্যন্ত নিউ ইয়র্ক কাউন্টির সিভিল কোর্টের বিচারক ছিলেন। বিচারক লিপম্যান বিচারপতি শুলম্যানকে নিউ ইয়র্ক কাউন্টি দেওয়ানি আদালতের তত্ত্বাবধায়ক বিচারক হিসেবে নিযুক্ত করেন। বিচারক হওয়ার আগে, বিচারপতি শুলমান একজন সহযোগী ছিলেন, তারপর পার্টনার ছিলেন, শ এবং বাইন্ডার (Shaw & Binder) রিয়েল এস্টেট মামলার ফার্মে। শ এবং বাইন্ডারের আগে, বিচারপতি শুলমান নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হাউজিং অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Division of Housing and Community Renewal) (পূর্বে নিউ ইয়র্ক সিটি কনসিলিয়েশন এন্ড আপীল বোর্ড (New York City Conciliation and Appeals Board)) অসংখ্য পদে ছিলেন, যার মধ্যে ছিল প্রশাসনিক পর্যালোচনা ব্যুরোর (Administrative Review Bureau) ডেপুটি চিফ, একজন তত্ত্বাবধায়ক অ্যাটর্নি এবং একজন স্টাফ অ্যাটর্নি 1982 থেকে 1987 পর্যন্ত। তিনি 1981 থেকে 1982 সাল পর্যন্ত মাননীয় ইউজিন এল নার্ডেলির জন্য কোর্ট অ্যাটর্নি হিসেবে কাজ করেন। বিচারপতি শুলমান বেঞ্জামিন এন. কার্ডোজো স্কুল অফ ল (Benjamin N. Cardozo School of Law) থেকে J.D. অর্জন করেন।

মাননীয়া টানিয়া আর. কেনেডি

বিচারপতি কেনেডি 2015 সালের নভেম্বর মাসে নির্বাচনের পর 2016 সালের জানুয়ারি মাস থেকে নিউ ইয়র্ক কাউন্টির সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি নভেম্বর 2005 সালে দেওয়ানি আদালতে নির্বাচিত হন এবং এরপর ফৌজদারি আদালত (জানুয়ারি 2006 - সেপ্টেম্বর 2008), দেওয়ানি আদালত (সেপ্টেম্বর 2008-ডিসেম্বর 2009), পারিবারিক আদালত (জানুয়ারী 2010-ডিসেম্বর 2010) ভারপ্রাপ্ত সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে (জানুয়ারি 2011-ডিসেম্বর 2012) এবং দেওয়ানি আদালতের তত্ত্বাবধায়ক বিচারক হিসেবে (জানুয়ারি 2014 - ডিসেম্বর 2015) দায়িত্ব পালন করেন। একজন ভারপ্রাপ্ত সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে, বিচারপতি কেনেডি একটি সমন্বিত অভিভাবকত্ব এবং বাড়িওয়ালা-ভাড়াটে ক্যালেন্ডারের সভাপতিত্ব করেন এবং জানুয়ারি 2012 থেকে ডিসেম্বর 2013 পর্যন্ত দৈনিক ভিত্তিতে বেঞ্চ শুনানি পরিচালনা করেন। দেওয়ানি আদালতে নির্বাচনের আগে, বিচারপতি কেনেডি মাননীয় ব্যারি এ. কোজিয়ারের ল্য ক্লার্ক ছিলেন যখন তিনি আপীল বিভাগের, দ্বিতীয় বিভাগের সহযোগী বিচারপতি ছিলেন, (মার্চ 2001-ডিসেম্বর 2005) এবং যখন তিনি নিউ ইয়র্ক কাউন্টির বাণিজ্যিক বিভাগে বিচারপতি ছিলেন (মে 1999-মার্চ 2001) উভয় সময়েই। বিচারপতি কোজিয়ার সঙ্গে তার ক্লার্কশিপের আগে, বিচারপতি কেনেডি নিউ ইয়র্ক সিটি আইন বিভাগের কর্পোরেশন কাউন্সেল অফিসে (Office of the Corporation Counsel, New York City Law Department), ব্রঙ্কস পারিবারিক আদালত বিভাগ (Bronx Family Court Division) (আগস্ট 1992-আগস্ট 1994) এবং ব্রঙ্কস টর্ট বিভাগে (Bronx Tort Division) (আগস্ট 1994-আগস্ট 1997) একটি সহকারী কর্পোরেশন কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেন, পরে ব্রঙ্কস টর্ট ডিভিশনে তার অ্যাসিস্ট্যান্ট ডেপুটি চিফ হিসেবে তার পদন্নোতি হয়। বিচারপতি কেনেডি বেঞ্জামিন এন. কার্ডোজো স্কুল অফ ল (Benjamin N. Cardozo School of Law) থেকে J.D. অর্জন করেন।

ফার্স্ট ডিপার্টমেন্ট অ্যাপেলেট ডিভিশনের জন্য জুডিশিয়াল স্ক্রিনিং কমিটিগুলি (Judicial Screening Committee) আবেদনপত্রগুলি পর্যালোচনা করে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার

পরিচালনা করে। শুধু ওই আবেদনকারীদের মধ্যে যারা "অত্যন্ত যোগ্যতাসম্পন্ন" বলে গণ্য হন, কমিটিগুলো বিবেচনার জন্য গভর্নরের কাছে সেই আবেদনগুলি জমা দেন। "অত্যন্ত যোগ্যতাসম্পন্ন" গণ্য হবার জন্য প্রার্থীদের সততা, স্বাধীনতা, নেতৃত্ব, বুদ্ধি, আইনগত সক্ষমতা, বিচার ক্ষমতা, মানসিকতা, এবং অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

সুপ্রিম কোর্টের আপীল বিভাগে শূন্যপদ পূরণের জন্য স্ক্রিনিং প্রক্রিয়ার মাধ্যমে সফলভাবে অগ্রসর হওয়া প্রার্থীদের পর্যালোচনা করতে থাকবে গভর্নরের কার্যালয়।

নিউইয়র্ক স্টেট সংবিধান (New York State Constitution) ও বিচার বিভাগের আইন অনুসারে, সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁদের মধ্যে থেকে প্রতিটি আপীল বিভাগে বিচারপতি নিয়োগ করার কর্তৃত্ব রয়েছে গভর্নরের। এই নিয়োগগুলো সিনেট নিশ্চিতকরনের আওতাভুক্ত নয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন